

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(সংস্থা প্রশাসন শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.০২.০০১.১৬-

তারিখঃ ১৪ চৈত্র, ১৪২৪ বঃ
২৮ মার্চ, ২০১৮ খ্রিঃ

প্রাপকঃ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয়ঃ জনাব মোঃ আবু বকর সিদ্দিক, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম-এর মাসিক পেনশন ও আনুতোষিক মঞ্জুরি।
সূত্রঃ খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০০৯.১৬-২২২ তারিখঃ ২২/০৩/২০১৮ খ্রিঃ।
জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আবু বকর সিদ্দিক, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম এ মন্ত্রণালয়ের ১৭/১০/২০১৭ খ্রিঃ তারিখের ৫৪২ নং প্রজ্ঞাপন মূলে বিগত ২০/০২/২০১৭ খ্রিঃ হতে ১৯/০২/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অবসর উত্তর ছুটি ভোগ শেষে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেন। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা পেনশন ফরম ২.১ পূরণপূর্বক প্রাপ্য আনুতোষিকসহ মাসিক নীট পেনশন মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে তাঁর নিকট আপাতত কোন পাওনা না থাকায় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নের শর্ত মোতাবেক আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

- (ক) তাঁর নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।
(খ) খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী অনুযায়ী তিনি আনুতোষিক বাবদ ৩৮,৩২,৬০৫/- (আটত্রিশ লক্ষ বত্রিশ হাজার ছয়শত পাঁচ টাকা) ও মাসিক নীট পেনশন বাবদ ১৬,৬৬৩.৫০ টাকা (ষোল হাজার ছয়শত তেষট্টি টাকা পঞ্চাশ পয়সা) প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারী কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।
২। জনাব মোঃ আবু বকর সিদ্দিক এর প্রাপ্য আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের জন্য পিপিও বহিঃ জারি করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।
৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হয়েছে।
৪। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ-

(ক)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	১ (এক) কপি
(খ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	১ (এক) কপি
(গ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ	১ (এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার পিআরএল আদেশ	১ (এক) কপি
(ঙ)	সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের সনদ (ই,এল,পি,সি) (সংযোজনী-১)	১ (এক) কপি
(চ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	১ (এক) কপি
(ছ)	সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও পাঁচ অংগুলির ছাপ (সংযোজনী-৬)	১ (এক) কপি
(জ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	১ (এক) কপি
(ঝ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা	১ (এক) কপি
(ঞ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বিবরণী	১ (এক) কপি

সংযুক্তিঃ বর্ণনামতে

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ হেলাল উদ্দিন)
উপসচিব

ফোন: ৯৫৪০১১২

sasestabadmin@mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.০২.০০১.১৬- ২২৫/১(২)

তারিখঃ ১৪ চৈত্র, ১৪২৪ বঃ
২৮ মার্চ, ২০১৮ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
২-৩। পরিচালক (প্রশাসন/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম।
৭। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় - মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রকাশের জন্য।
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯। জনাব মোঃ আবু বকর সিদ্দিক, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম; বর্তমান ঠিকানাঃ গ্রাম- ছোট খাটামারী, ডাকঃ জয়মনিরহাট, উপজেলাঃ ভুরুঙ্গামারি, জেলা-কুড়িগ্রাম।

(মোহাম্মদ হেলাল উদ্দিন)
উপসচিব